# ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটির ২০২১-২০২২ অর্থবছরের কার্যক্রমের তথ্য/প্রতিবেদন

**১.১ ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি প্রতিষ্ঠার পটভূমি :**
বাংলাদেশের দক্ষিণ-পূর্ব প্রান্তে ৫০৯৩ বর্গমাইল এলাকা জুড়ে অবস্থিত গিরিনির্ঝরিণী হ্রদ, নদী, পাহাড় পর্বত এবং অরণ্যের মায়াবী লীলা নিকেতন বৃহত্তর পার্বত্য চট্টগ্রাম অঞ্চল। এই পার্বত্য অঞ্চলটি ৩টি জেলায় বিভক্ত। এই তিনটি জেলা হলো রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলা। স্মরণাতীত কাল থেকে এই পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে বিভিন্ন ক্ষুদ্র নৃগোষ্ঠী তাদের নিজস্ব ভাষা, সাহিত্য, রীতিনীতি, সমাজব্যবস্থা এবং ঐতিহ্যবাহী সংস্কৃতি নিয়ে বসবাস করে আসছে। এই ক্ষুদ্র নৃগোষ্ঠীরা হলো- চাকমা, মারমা, ত্রিপুরা, তঞ্চঙ্গ্যা, ম্রো, লাসাই, পাংখোয়া, বম, খিয়াং, চাক, খুমি ও গুর্খা। এই সকল ক্ষুদ্র নৃগোষ্ঠীর ঐতিহ্যবাহী সংস্কৃতির সংরক্ষণ, উন্নয়ন ও বিকাশ সাধন এবং ঐ সকল সংস্কৃতিকে দেশের জাতীয় সংস্কৃতির মূল স্রোতধারার সহিত সম্পৃক্তকরণের উদ্দেশ্যে তৎকালীন শিক্ষা মন্ত্রণালয়ের ক্রীড়া ও সংস্কৃতি বিষয়ক বিভাগের স্মারক নং-এফ.২/৪৯/৭৬-(সি)/৫০০/৭, তারিখ-ঢাকা-২২.০৬.১৯৭৬ খ্রি: মূলে ১৯৭৮ সালে রাঙ্গামাটিতে ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠার পর থেকে এই ইনস্টিটিউট তার লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে কাজ করে আসছে। বিগত ১২ এপ্রিল ২০১০ইং মহান জাতীয় সংসদে "ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন ২০১০" শিরোনামে আইন প্রণীত হয়। এই আইনের মাধ্যমে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি একটি সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানে রূপলাভ করে। বর্তমানে এই ইনস্টিটিউট সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন একটি সংবিধিবদ্ধ সংস্থা হিসাবে আইন দ্বারা নির্ধারিত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করে আসছে।

**১.২ রূপকল্প, অভিলক্ষ্য ও উদ্দেশ্য:**

**রূপকল্প:** সংস্কৃতি সচেতন মনস্ক পার্বত্য ক্ষুদ্র নৃগোষ্ঠী।

**অভিলক্ষ্য**: ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কৃষ্টি, সংস্কৃতি, ইতিহাস, ঐতিহ্য, লোকশিল্প, মাতৃভাষা, বর্ণমালা, সাহিত্য, রীতিনীতি, প্রথা ইত্যাদির লালন, সংরক্ষণ এবং গবেষণার মাধ্যমে যুগোপযোগী উন্নয়ন ও উৎকর্ষ সাধন।

**১.৩ ইনস্টিটিউটের কার্যাবলী:**
(ক) সংশ্লিষ্ট অঞ্চলে বসবাসরত প্রত্যেক ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের ইতিহাস, সামাজিক ও সাংস্কৃতিক ঐতিহ্য তথা ভাষা, সাহিত্য, সঙ্গীত, নৃত্য, কারুশিল্প, ধর্ম, আচার-অনুষ্ঠান, রীতিনীতি, প্রথা, সংস্কার ইত্যাদি বিষয়ে তথ্য উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ এবং গবেষণা কর্মসূচি পরিচালনা করা;
(খ) সংশ্লিষ্ট অঞ্চলে বসবাসরত প্রত্যেক ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের জীবনধারা, ইতহাস, ঐতিহ্য এবং সমাজ ও সংস্কৃতির উপর সেমিনার, সম্মেলন ও প্রদর্শনীর আয়োজন এবং সেই বস বিষয়ে পুস্তক ও সাময়িকী প্রকাশনা এবং প্রামাণ্য চিত্র ধারণ ও প্রচার করা;
(গ) সংশ্লিষ্ট অঞ্চলের ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ের জনগণকে জাতীয় সংস্কৃতির মূল স্রোতধারার সহিত সম্পৃক্ত করিবার লক্ষ্যে বিভিন্ন জাতীয় দিবস ও উৎসব উদযাপন, স্থানীয় শিল্পীদের রাষ্ট্রীয় অনুষ্ঠানে অংশগ্রহণের ব্যবস্থা করা;
(ঘ) আন্ত:জেলা সাংস্কৃতিক বিনিময় কর্মসূচি গ্রহণ করা;
(ঙ) নিজ ও সরকারি সহায়তায় দেশে ও বিদেশে আঞ্চলিক সাংস্কৃতিক কার্যক্রম তুলে ধরা;
(চ) সংশ্লিষ্ট অঞ্চলে বসবাসরত ক্ষুদ্র নৃগোষ্ঠী সম্প্রদায়ের ঐতিহ্যবাহী উৎসবসহ সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রতিযোগিতার আয়োজন করা;
(ছ) ভাষা, সাহিত্য, সঙ্গীত, নৃত্য, নাট্য ও চারুকলার বিষয়ে প্রশিক্ষণ ও উন্নয়ন কার্যক্রম পরিচালনা করা;
(জ) সংশ্লিষ্ট অঞ্চলের সাংস্কৃতিক এবং নাট্য সংগঠনসমূহকে আর্থিক অনুদান এবং আর্থিকভাবে অস্বচ্ছল ও অসহায় শিল্পীদের আর্থিক সহায়তা প্রদান করা;
(ঝ) কৃতি ও বরেণ্য শিল্পীদের সম্মানী প্রদান করা;
(ঞ) কৃতি ও বরেণ্য শিল্পীদের সম্মাননা প্রদান করা;
(ট) সংশ্লিষ্ট অঞ্চলের ক্ষুদ্র নৃগোষ্ঠী সম্প্রদায়ের ঐতিহ্যবাহী সাংস্কৃতিক উপরকণাদি সংগ্রহপূর্বক জাদুঘর স্থাপন করা;
(ঠ) ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক বিকাশ সাধনে সরকার কর্তৃক গৃহিত পরিকল্পনা ও প্রকল্প বাস্তবায়ন;
(ড) বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পর্যটন শিল্প বিকাশে ব্যবস্থা গ্রহণ করা;

১.৪। <u>২০২১-২২ অর্থবছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেযোগ্য কর্মকান্ডের বিবরণ :</u>

১। **১৫ই আগস্ট ২০২১ জাতীয় শোক দিবস পালন :** স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৬তম শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২১ পালন উপলক্ষে বঙ্গাবন্ধুর প্রতিকৃতিতে প্রষ্পস্তবক অর্পণ করা হয় ও মিলাত মাহফিল আয়োজন করা হয়।





২। **ক্ষুদ্র নৃগোষ্ঠীর ঐতিহ্যবাহী হস্তশিল্প বুনন প্রশিক্ষণ:** অত্র ইনস্টিটিউটের উদ্যোগে গত ২৪/১০/২০২১ থেকে ০৭/১১/২০২১ তারিখ পর্যন্ত ১৫ দিনব্যাপী ক্ষুদ্র নৃগোষ্ঠীর ঐতিহ্যবাহী হস্তশিল্প বুনন প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হয়। মোট ২০ জন প্রশিক্ষণার্থী এ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদেরকে সনদপত্র প্রদান করা হয়।






৩। **নাটক প্রশিক্ষণ:** অত্র ইনস্টিটিউটের উদ্যোগে গত ১৫/১১/২০২১ থেকে ২৯/১১/২০২১ তারিখ পর্যন্ত ১৫ দিনব্যাপী নাটক প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হয়। মোট ২০ জন প্রশিক্ষণার্থী এ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদেরকে সনদপত্র প্রদান করা হয়।









৪। **শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক প্রশিক্ষণ আয়োজন:** অত্র ইনস্টিটিউটের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে গত ২৯ ডিসেম্বর ২০২১ তারিখ দিনব্যাপী প্রশিক্ষণ আয়াজন করা হয়। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্নসচিব জনাব অজিত কুমার দেবনাথ ও উপসচিব জনাব আ, স, ম হাসান আল আমিন প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন।






**৫। নাটক মঞ্চায়ন:** অত্র ইনস্টিটিউটের উদ্যোগে গত ০৯ জানুয়ারি ২০২২ তারিখ কাপ্তাই উপজেলা পরিষদ মিলনায়তনে “কুয়াশা” শীর্ষক নাটক মঞ্চস্থ করা হয়।








৬। **শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন:** শহীদ দিবস ও আর্ন্তজাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে অত্র ইনস্টিটিউটের উদ্যোগে শিশু কিশোরদের সুন্দর হাতের লেখা প্রতিযোগিতার আয়োজন করা হয়।









৭। **সেমিনার আয়োজন:** অত্র ইনস্টিটিউটের উদ্যোগে গত ২৬ ফেব্রুয়ারি ২০২২ তারিখ ইনস্টিটিউটের অডিটোরিয়ামে "পাংখোয়া ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাহিত্য, সংস্কৃতি ও জীবন জীবিকা" শীর্ষক দিনব্যাপী সেমিনার আয়োজন করা হয়। পাংখোয়া ক্ষুদ্র নৃগোষ্ঠীর মোট ৪৫ জন প্রতিনিধি সেমিনারে অংশগ্রহণ করেন। রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের মাননীয় চেয়ারম্যান জনাব অংসুইপ্রু চৌধুরী দিনব্যাপী সেমিনার উদ্বোধন করেন।






৮। **জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপন** : ১৭ মার্চ জাতির পিতা বঙ্গাবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২২ উদযাপন উপলক্ষে অত্র ইনস্টিটিউটের উদ্দ্যোগে কবিতা আবৃত্তি, দেশাত্ববোধক সঙ্গীত ও ছড়াগানের প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়।








৯। **ই-ফাইলিং বিষয়ক প্রশিক্ষণ আয়োজন:** অত্র ইনস্টিটিউটের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে গত ২৭ ও ২৮ মার্চ ২০২২ তারিখ দুই দিনব্যাপী ই-ফাইলিং বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করা হয়। সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট জনাব মো: সাখাওয়াত হোসেন ও অফিস সহকারী মকাম কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব নিলয় বিশ্বাস শান্ত প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন।






১০। **বিজু সাংগ্রাই বৈসুক বিষু মেলা ২০২২ :** পার্বত্য চট্টগ্রামে বসবাসরত ক্ষুদ্র নৃগোষ্ঠীদের ঐতিহ্যবাহী প্রধান সামাজিক উৎসব বিজু সাংগ্রাই বৈসুক বিষু ২০২২ উদযাপন উপলক্ষ্যে ইনস্টিটিউটের উদ্যোগে গত ৪ এপ্রিল ২০২২ থেকে ০৮ এপ্রিল ২০২২ তারিখ পর্যন্ত পাচ দিনব্যাপী বিজু মেলা আয়োজন করা হয়। খাদ্য মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির সভাপতি জনাব দীপংকর তালুকদার এমপি পাঁচ দিনব্যাপী মেলার শুভ উদ্বোধন করেন। পাঁচ দিনব্যাপী মেলায় ঐতিহ্যবাহী বিভিন্ন খেলাধুলা প্রতিযোগিতা, নাটক মঞ্চায়ন ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।









১১। **বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২২ :** অত্র ইনস্টিটিউটের উদ্যোগে গত ৩১/০৫/২০২২ থেকে ০২/০৬/২০২২ তারিখ পর্যন্ত তিন দিনব্যাপী জেলা পর্যায়ে বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন করা হয়। বিভিন্ন বিষয়ের প্রতিযোগিতায় বিজয়ী ২৩৩ জনকে পুরস্কার ও সনদপত্র প্রদান করা হয়। রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের মাননীয় চেয়ারম্যান জনাব অংসুইপ্রু চৌধুরী বিজয়ীদের পুরস্কার ও সনদপত্র প্রদান করেন।









১২। **ঐতিহ্যবাহী হালপালনী উৎসব পালন:** ক্ষুদ্র নৃগোষ্ঠীদের ঐতিহ্যবাহী হালপালনী উৎসব উদযাপন উপলক্ষে অত্র ইনস্টিটিউটের উদ্যোগে গত ৩০/০৬/২০২২ তারিখ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হয়।






১৩। **মারমা নৃগোষ্ঠীর লোককাহিনীমূলক নাটক মঞ্চায়ন:** অত্র ইনস্টিটিউটের উদ্যোগে গত ১৭/০৬/২০২২ তারিখ কাউখালী উপজেলায় মারমা নৃগোষ্ঠীর লোককাহিনীমূলক নাটক “রাজকুমারী নাইন্দীয়া” নাটকটি মঞ্চস্থ হয়।







১৪। **চাকমা ভাষা ও বর্ণমালা শিক্ষা প্রশিক্ষণ কোর্স:** অত্র ইনস্টিটিউটের উদ্যোগে গত ১৯/০৬/২০২২ থেকে ২৫/০৬/২০২২ তারিখ পর্যন্ত কলেজ ও বিশ্ববিদ্যালয়ে পড়ুয়া ছাত্র-ছাত্রীদের নিয়ে চাকমা ভাষা ও বর্ণমালা শিক্ষা প্রশিক্ষণ কোর্স ২০২২ আয়োজন করা হয়। মোট ২০ জন প্রশিক্ষণার্থী এ প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীদেরকে সনদপত্র প্রদান করা হয়।






১৫। **ইনস্টিটিউট কর্তৃক রাঙ্গামাটি জেলাধীন বিভিন্ন উপজেলায় পরিচালিত নৃত্য-গীত প্রশিক্ষণ কার্যক্রমের ছবি:**






**বরকল উপজেলায় নৃত্য-গীত প্রশিক্ষণ**







**বিলাইছড়ি উপজেলায় নৃত্য-গীত প্রশিক্ষণ**







**জুরাছড়ি উপজেলায় নৃত্য-গীত প্রশিক্ষণ**







**কাপ্তাই উপজেলায় নৃত্য-গীত প্রশিক্ষণ**







**রাজস্থলী উপজেলায় নৃত্য-গীত প্রশিক্ষণ**








**কাউখালী উপজেলায় নৃত্য-গীত প্রশিক্ষণ**









**নানিয়ারচর উপজেলায় নৃত্য-গীত প্রশিক্ষণ**







**লংগদু উপজেলায় নৃত্য-গীত প্রশিক্ষণ**







**বাঘাইছড়ি উপজেলায় নৃত্য-গীত প্রশিক্ষণ**



২৮.০৭.২০২২

**(রুনেল চাকমা)**

পরিচালক(ভা:)

ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট

রাঙ্গামাটি।

(ফোন-০২৩৩৩৩৭২০৪৬)